তারিখ 19 AUG 2018
পৃষ্ঠা ২-৬ কলাম ২

যুগান্তর

# কুমিল্লা বোর্ডে ছেলেদের চেয়ে মেয়েরা এগিয়ে

## বেড়েছে পাসের হার ও জিপিএ-৫

**কুমিল্লা ব্যুরো**

কুমিল্লা বোর্ডে এবারের এইচএসসির ফলাফলে গত বছরের তুলনায় পাসের হার, জিপিএ-৫ ও শতভাগ উত্তীর্ণ শিক্ষা প্রতিষ্ঠানের সংখ্যা বেড়েছে। এ বছর গড় পাসের হার ৬৪ দশমিক ৪৯ শতাংশ। এর মধ্যে মেয়েদের পাসের হার ৬৪ দশমিক ৯৭ শতাংশ ও ছেলেদের পাসের হার ৬৪ শতাংশ। হারের দিক থেকে ছেলেদের তুলনায় মেয়েরা এগিয়ে রয়েছে। এবার এ বোর্ডে ১ লাখ ৮ হাজার ৩৭৩ জন পরীক্ষায় অংশগ্রহণ করে। পাস করেছে ৬৯ হাজার ৮৯৫ জন। এ বছর ৩টি বিভাগে মোট জিপিএ-৫ পেয়েছে ১ হাজার ৯১২ জন শিক্ষার্থী। কুমিল্লা শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক মো. কায়সার আহমেদ বলেন, এ বছর বিজ্ঞান বিভাগ থেকে ১৪ হাজার ২৫০ জন উত্তীর্ণ শিক্ষার্থীর মধ্যে ৮ হাজার ৩৭ জন ছাত্র ও ৬ হাজার ২১৩ জন ছাত্রী। এ বিভাগে ছেলেদের তুলনায় মেয়েরা এগিয়ে রয়েছে। এ বিভাগে মেয়েদের পাসের হার ৮২ দশমিক ৫০ শতাংশ ও ছেলেদের পাসের হার ৭৮ দশমিক ২৭ শতাংশ। মানবিক বিভাগে ২৪ হাজার ৩৬৯ জন উত্তীর্ণ শিক্ষার্থীর মধ্যে ৮ হাজার ২৭২ জন ছাত্র ও ১৬ হাজার ৯৭ জন ছাত্রী। এ বিভাগেও ছেলেদের তুলনায় মেয়েরা এগিয়ে রয়েছে। এ বিভাগে মেয়েদের পাসের হার ৫৫ দশমিক ৮৭ শতাংশ ও ছেলেদের পাসের হার ৫২ দশমিক ৭২ শতাংশ। ব্যবসায় শিক্ষা বিভাগে ৩১ হাজার ২৭৬ জন উত্তীর্ণ শিক্ষার্থীর মধ্যে ১৭ হাজার ৬৮৭ জন ছাত্র ও ১৩ হাজার ৫৮৯ জন ছাত্রী। মেয়েদের পাসের হার ৭১ দশমিক ৮৫ শতাংশ ও ছেলেদের ৬৫ দশমিক ১২ শতাংশ।

**বেড়েছে জিপিএ-৫ ও শতভাগ উত্তীর্ণ শিক্ষা প্রতিষ্ঠান :** গত বছরের তুলনায় কুমিল্লা শিক্ষা বোর্ডে এ বছর জিপিএ-৫ বেড়েছে। ৩টি বিভাগে এ বছর জিপিএ-৫ পেয়েছে ১ হাজার ৯১২ জন। গত বছর জিপিএ-৫ পেয়েছিল ১ হাজার ৪৫২ জন। এদের মধ্যে ছাত্র ৯৬৮ ও ছাত্রী ৯৪৪ জন। জিপিএ-৫ প্রাপ্তির ক্ষেত্রে বিজ্ঞান বিভাগে এগিয়ে রয়েছে ছেলেরা এবং মানবিক ও ব্যবসায় শিক্ষা বিভাগে মেয়েরা এগিয়ে রয়েছে। বিজ্ঞান বিভাগ থেকে জিপিএ-৫ অর্জনকারী ১ হাজার ৫০৮ জনের মধ্যে ৮০৫ জন ছাত্র ও ৭০৩ জন ছাত্রী রয়েছে। মানবিক বিভাগে ১০৬ জনের মধ্যে ৮০ জন ছাত্রী ও ২৬ জন ছাত্র এবং ব্যবসায় শিক্ষা বিভাগে ২৯৮ জনের মধ্যে ১৬১ জন ছাত্রী ও ১৩৭ জন ছাত্র জিপিএ-৫ পেয়েছে। এ বছর এইচএসসির ফলাফলে কুমিল্লা শিক্ষা বোর্ডের ৮টি শিক্ষা প্রতিষ্ঠান থেকে শতভাগ শিক্ষার্থী উত্তীর্ণ হয়েছে।